

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১৮, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৩ আশ্বিন ১৪২১/১৮ সেপ্টেম্বর ২০১৪

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৩.৩০১—শিক্ষা মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ সাদিক ১২ ফেব্রুয়ারি ১৯৮৪ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক দীর্ঘ প্রায় ৩০ বছর ৭ মাস সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ১৮ আগস্ট ২০১৪ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করছেন। কর্মজীবনে তিনি সততা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। সরকারের নীতি ও কর্মসূচি সৃষ্টিভাবে বাস্তবায়নে তিনি নিষ্ঠার স্বাক্ষর রেখেছেন। সরকারের সচিব হিসাবে তাঁর দায়িত্ববোধ ও কর্তব্যপরায়ণতা প্রশংসার দাবিদার। দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য ড. মোহাম্মদ সাদিককে ধন্যবাদ জানিয়ে, তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে এবং সরকারি চাকুরি থেকে অবসর গ্রহণের পরও তিনি দেশের সেবায় নিয়োজিত থাকবেন মর্মে আশা প্রকাশ করে মন্ত্রিসভার ৩১ ভাদ্র ১৪২১/১৫ সেপ্টেম্বর ২০১৪ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়েছে।

২। ড. মোহাম্মদ সাদিককে ধন্যবাদ জ্ঞাপন করে মন্ত্রিসভার ৩১ ভাদ্র ১৪২১/১৫ সেপ্টেম্বর ২০১৪ তারিখের বৈঠকে গৃহীত প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা
মন্ত্রিপরিষদ সচিব

(১৮৪৬১)

মূল্য ৪ টাকা ৪.০০

মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

৩১ ভাদ্র ১৪২১
ঢাকা : ১৫ সেপ্টেম্বর ২০১৪

শিক্ষা মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ সাদিক গত ১২ ফেব্রুয়ারি ১৯৮৪ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক দীর্ঘ প্রায় ৩০ বছর ৭ মাস সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ১৮ আগস্ট ২০১৪ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করেছেন। কর্মজীবনে তিনি সততা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। সরকারের নীতি ও কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নে তিনি নিষ্ঠার স্বাক্ষর রেখেছেন। সরকারের সচিব হিসাবে তাঁর দায়িত্ববোধ ও কর্তব্যপরায়ণতা প্রশংসার দাবিদার। দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা ড. মোহাম্মদ সাদিক-কে ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে। মন্ত্রিসভা আশা প্রকাশ করছে যে, সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পরও তিনি দেশের সেবায় নিয়োজিত থাকবেন।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd